জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।

নং-৪৬.০১৮.০০০০.০০১.০৩.০০২.০৯-২৬ তারিখ : ১৭-০৭-২০১৯ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের অধীন জাতীয় স্থানীয় সরকার ইনষ্টিটিউট (এনআইএলজি)-এর নিম্নবর্ণিত স্থায়ী/অস্থায়ী রাজস্ব খাতের শূন্য পদসমূহে নিয়োগের নিমিত্তে পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে । যে সকল জেলার সাধারণ কোটায় পদ খালী নেই উহা মন্তব্য কলামে লিপিবদ্ধ করা হল।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	মন্তব্য
০১।	সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর	০১টি	গ্রেড-১৩ (১১০০০-২৬৫৯০/-)	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing এবং শর্টহ্যান্ড এর গতি নিম্নরূপ থাকতে হবে; [সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলা-৫০, ইংরেজী-৮০ শব্দ এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলা-২৫, ইংরেজী-৩০ শব্দ]	বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০২।	সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	০৩টি	গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-)	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing এবং শর্টহ্যান্ড এর গতি নিম্নরূপ থাকতে হবে; [সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলা-৪৫, ইংরেজী-৭০ শব্দ এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলা-২৫, ইংরেজী-৩০ শব্দ]	কুমিল্লা জেলা ব্যতীত বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৩।	টেলিফোন অপারেটর	০১টি	গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০/-)	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	জামালপুর জেলা ব্যতীত বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৪।	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৫টি	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-)	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing এর গতি প্রতি মিনিটে বাংলা-২০, ইংরেজী-২০ শব্দ।	নরসিংদী, গাজীপুর, সিরাজগঞ্জ, পাবনা ও চাঁদপুর জেলা ব্যতীত বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৫।	অফিস সহায়ক	০১টি	গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-)	৮ম শ্রেণী পাশ হতে হবে।	কুমিল্লা, বাগেরহাট, মুন্সীগঞ্জ, চাঁদপুর, পটুয়াখালী, জামালপুর, টাঙ্গাইল ও মাগুরা জেলা ব্যতীত বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৬।	সহকারী বাবুর্চি (অস্থায়ী)	০১টি	গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-)	৮ম শ্রেণী উত্তীর্ণ এবং রান্নার কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলী :

১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯.১২.২০১৪ খ্রি. তারিখের ০৫.১১০.০০০.০০.০০.০৮৯.১৪-০১ নং স্মারকে প্রণীত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম এ কার্যালয়ের সংস্থাপন শাখা এবং www.mopa.gov.bd ও www.nilg.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন ফরম স্ব-হস্তে পূরণ করতে হবে।

২। দরখাস্ত আগামী ২৯-০৮-২০১৯ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), ২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭-এর কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

৩। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কোন আবেদন গ্রহণ করা হবে না। তাছাড়া চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে নাগরিকত্ব সনদে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :

(ক) আবেদনপত্রের নির্ধারিত স্থানে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ, সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ৫x৫ সেঃ মিঃ এবং স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি ছবি।

(খ) প্রার্থীকে মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনষ্টিটিউট (এনআইএলজি)-এর অনুকূলে ক্রমিক নং ১-৪ এর জন্য ১০০/- (একশত) এবং ক্রমিক নং ৫-৬ এর জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার মূল পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) প্রবেশপত্র ইস্যুর স্বার্থে পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা লিখিত ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাক টিকিট লাগানো ১০.৫ʺ x৪.৫ʺ একটি ফেরত খাম।

(ঘ) প্রার্থীর বয়স ২৯-০৮-২০১৯ খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(ঙ) সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌরসভার মেয়র অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা সম্পর্কিত সনদপত্র ০১ (এক) কপি (মূল) দাখিল করতে হবে। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (আবশ্যিকভাবে) এবং জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি ০১ (এক) কপি করে।

(চ) খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

(ছ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক প্রদত্ত সনদপত্র।

(জ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঝ) সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার ও শর্টহ্যান্ড প্রশিক্ষণ সনদপত্র (১, ২ ও ৪ নং ক্রমিকের ক্ষেত্রে প্রযোজ্য)।

(ঞ) সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সীল থাকতে হবে।

মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা হিসাবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৬/২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং পরিপত্রের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত ছক পূরণ করে এবং ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা	মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা	প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ	মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী	মুক্তিযোদ্ধার জন্ম তারিখ	মন্তব্য
		(নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ)	১। লাল মুক্তিবার্তা নম্বর ২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর ৩। গেজেট নম্বর ও তারিখ ৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ ৫। বামুস সনদের নম্বর ও তারিখ (ক্রমিক ১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩ নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫ নং ক্রমিকে বর্ণিত উভয় অথবা যে কোন একটি প্রমাণক দাখিল করতে হবে)।	১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ ২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ ৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ ৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ	

(ঠ) **লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।**

(ড) প্রযোজ্যক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান-সন্ততি ও পোষ্য/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/উপজাতি প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটার দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে।

(ঢ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসাবে চাকরি প্রার্থিকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণায়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা/মাননীয় প্রধানমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণায়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসাবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এ মর্মে সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌরসভার মেয়র অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

০৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংলিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

০৯। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

স্বাঃ-

(মোঃ বোরহান উদ্দিন ভূঞা)
যুগ্ম-সচিব
পরিচালক (প্রশাসন ও সমন্বয়)

নং-৪৬.০১৪.০০০০.০০১.০৩.০০২.০৯-২৬/২(৭)

তারিখ : ১৭-০৭-২০১৯ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থেও কার্যার্থে -

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, এনআইএলজি, ঢাকা।
৫। জনাব ইমরানুর রহমান, সহকারী গবেষণা কর্মকর্তা, এনআইএলজি, ঢাকা (চাকুরীর আবেদন ফরমটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সম্পাদক, দৈনিক যুগান্তর/The Daily Sun, ঢাকা। তাঁকে উল্লিখিত নিয়োগ বিজ্ঞপ্তিটি চলতি সপ্তাহে যে কোন একদিন পত্রিকার ভিতরের পাতায় এক দিনের জন্য প্রকাশ/প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো এবং প্রকাশিত সংখ্যার ০৫ (পাঁচ) কপি এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭। সংশ্লিষ্ট নথি।

১৭.০৭.১৯

(মোঃ বোরহান উদ্দিন ভূঞা)
যুগ্ম-সচিব
পরিচালক (প্রশাসন ও সমন্বয়)